উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫১.২০১৬-০৪

তারিখ : ২৬ পৌষ, ১৪২৩ / ০৯ জানুয়ারি, ২০১৭

বিষয় : ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাগণের কার্যক্রম।

সূত্র : মহাপরিচালকের কার্যালয়, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর পত্র নং-৩৩-৭৫(রাজ-১)-৬৫/৫(২), তারিখ : ০১/০১/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী ইউনিয়নসমূহে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা বিভিন্ন দাবী আদায়ে আন্দোলনের পরিকল্পনা করছে মর্মে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর থেকে জানানো হয়েছে। পত্রমতে উদ্যোক্তাদের দাবীসমূহ নিম্নরূপ :

(১) ইউডিসিতে নিয়োজিত উদ্যোক্তাদের চাকুরি স্থায়ীকরণ;
(২) বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সম্পাদিত চুক্তি বরখেলাপ করে অপসারিত উদ্যোক্তাদের পুন:বহাল এবং চুক্তির মেয়াদ উত্তীর্ণদের ক্ষেত্রে চুক্তি নবায়ন করা;
(৩) ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদ(নিয়োগ প্রক্রিয়াধীন) বাতিলপূর্বক উদ্যোক্তাদের উক্ত পদে নিয়োগ প্রদান;

০২। এমতাবস্থায়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাগণের আন্দোলনের কারণে চলমান ইন্টারনেট ভিত্তিক অনলাইন সেবা কার্যক্রমে যাতে বিঘ্ন না ঘটে এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অপসারিত/কাজ করতে না দেয়া উদ্যোক্তাদের পুনর্বহালের লক্ষ্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ স্থানীয় সরকার বিভাগ হতে ৩০/০১/২০১৩ তারিখে জারিকৃত পরিপত্র(কপি সংযুক্ত) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
উপ-সচিব
ফোন ঃ ৯৫১৪১৯০

জেলা প্রশাসক(সকল)
---------------------জেলা।

অনুলিপি ঃ

১। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার(ডিডিএলজি)--------------------------------জেলা।
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
ইউনিয়ন পরিষদ শাখা।

পরিপত্র

নং: ৪৬.০১৮.০৩২.০০.০০.০১০.২০১১(অংশ-১).৫৩৪ তারিখ: ৩০.০১.২০১৩ খ্রিঃ।

বিষয়: ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রসমূহের (ইউআইএসসি) সেবার মান উন্নয়ন ও কেন্দ্রসমূহ সুচারুরূপে পরিচালনা প্রসঙ্গে।

স্থানীয় সরকারকে শক্তিশালীকরণ, জনগণের দোরগোড়ায় ই-সেবা পৌঁছানো নিশ্চিতকরণ এবং স্ব- কর্মসংস্থানের লক্ষ্যে ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রসমূহের (ইউআইএসসি) সেবার মান উন্নয়ন ও কেন্দ্রসমূহ সুচারুরূপে পরিচালনার জন্য ইউআইএসসি উদ্যোক্তা এবং ইউনিয়ন পরিষদের দায়িত্বাবলী সুস্পষ্টরূপে নির্ধারণ করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারী করা হলঃ

১. ইউআইএসসি উদ্যোক্তার দায়িত্ব ও কর্তব্য

১.১. স্থানীয় জনগোষ্ঠী যাতে অবাধে ইউআইএসসি থেকে সরকারি-বেসরকারি ই-সেবা পেতে পারে তার সর্বাত্মক ব্যবস্থা নিশ্চিত করবেন। নাগরিকের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত সেবা ইউআইএসসিতে না থাকলে, সেসব সেবা নিশ্চিত করার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। চাহিদার পরিপ্রেক্ষিতে স্থানীয়ভাবে তৈরি সেবাও ইউআইএসসিতে যুক্ত করা যাবে, তবে এই সেবাকে অবশ্যই ইউআইএসসির অন্যান্য সেবার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

১.২. বিদ্যমান সেবা সম্পর্কে মানুষের কোন অভিযোগ থাকলে, তা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের নজরে আনবেন।

১.৩. ইউআইএসসিতে সেবাগ্রহণকারীর সংখ্যা বাড়াতে উদ্যোক্তাগণ স্থানীয় পর্যায়ে সরকারি-বেসরকারি ই-সেবার চাহিদা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি পরিচালনা করবেন। উদ্যোক্তা মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ল্যাপটপ ব্যবহার করে হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, গ্রামে-গঞ্জে বিভিন্ন সেবা সম্পর্কে ক্যাম্পেইন/উঠান বৈঠক করবেন। এসব কাজে তিনি প্রয়োজন অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সচিব, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ ও উপজেলা নির্বাহী কর্মকর্তার সহযোগীতা গ্রহণ করবেন। সমাজে বৈষম্য ও বিভেদ সৃষ্টি করতে পারে, সরকারের বা ইউনিয়ন পরিষদের ভাবমূর্তি ক্ষুন্ন করতে পারে এরূপ যাবতীয় কর্মকান্ড থেকে উদ্যোক্তা বিরত থাকবেন।

১.৪. ইউআইএসসি'র উপকরণ রক্ষণাবেক্ষণ ও মেরামতের দায়িত্ব উদ্যোক্তাকে গ্রহণ করতে হবে। প্রয়োজন অনুযায়ী উপকরণ বাড়াতে উদ্যোক্তা নিজে বিনিয়োগ করবেন।

১.৫. ইউআইএসসি'র ইন্টারনেট, বিদ্যুৎ, পানি ও অন্যান্য সার্ভিসের মাসিক বিল যথাযথ কর্তৃপক্ষকে নিয়মিত পরিশোধ করবেন।

১.৬. উদ্যোক্তা কোন বেতনভুক্ত কর্মচারী নন বিধায় ইউআইএসসিকে সচল রাখা, আয় বৃদ্ধি ও টেকসইকরণের ক্ষেত্রে তিনি সকল প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

১.৭. উদ্যোক্তা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সচিবের সাথে সুসমন্বয় করে এবং উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শ মোতাবেক ইউআইএসসি'র কার্যক্রমসমূহ পরিচালনা করবেন।

১.৮. ইউআইএসসি পরিচালনায় কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের জন্য প্রাথমিকভাবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পরবর্তীতে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে তা সমাধান করতে হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক বিষয়টির নিষ্পত্তি না হলে জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয়ভাবে সমাধান করতে হবে। সমস্যার চূড়ান্ত নিষ্পত্তির জন্য জেলা প্রশাসক সকল পদক্ষেপ গ্রহণ করবেন। ইউআইএসসি উদ্যোক্তা কর্তৃক কোন দাপ্তরিক শৃঙ্খলা বহির্ভূত কোন কর্মকান্ডে যুক্ত হওয়া গ্রহনযোগ্য বিবেচিত হবেনা।

১.৯. ইউআইএসসি'র দৈনিক প্রতিবেদন ইউআইএসসি কার্যক্রম ব্যবস্থাপনা পদ্ধতি (ইউএএমএস-uams.e-service.gov.bd) তে আপলোড করবেন। ইউআইএসসির বিভিন্ন উদ্ভাবণ ও সাফল্যের দৃষ্টান্ত ও ইউআইএসসি ব্লগে লিখবেন যাতে করে অন্য উদ্যোক্তাগণ এতে অনুপ্রাণিত হয়।

১.১০. উদ্যোক্তা প্রতি মাসে ইউআইএসসি ব্যবস্থাপনা কমিটির সভায় ইউআইএসসি'র অগ্রগতির প্রতিবেদন প্রদান করবেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এ প্রতিবেদন উপজেলা নির্বাহী কর্মকর্তা আয়োজিত মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন।

১.১১. বিকল্প উদ্যোক্তাকে ইউআইএসসি পরিচালনার জন্য প্রস্তুত করার দায়িত্ব নিয়মিত উদ্যোক্তার। বিকল্প উদ্যোক্তা যাতে করে দ্রুত দক্ষতা অর্জন করে ইউআইএসসিতে সেবাগ্রহণকারীর সংখ্যা ও আয় বাড়াতে ভূমিকা রাখতে পারেন, সে ব্যাপারে নিয়মিত উদ্যোক্তা প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। বিকল্প উদ্যোক্তা পূর্ণ দক্ষতা অর্জন করলে তাকে বিভিন্ন কাজের দায়িত্ব দিতে হবে যাতে করে বিকল্প উদ্যোক্তার ইউআইএসসির ওপর দায়িত্ববোধ জন্মায় এবং উপার্জন করার সুযোগ তৈরি হয়।

২. ইউনিয়ন পরিষদের দায়িত্ব ও কর্তব্য:

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৪৭ (গ), ৫০ এবং ৭৮ ধারা অনুযায়ি জনকল্যানমূলক কার্যসংক্রান্ত সেবা, উন্নততর তথ্য প্রযুক্তির ব্যবহার ও সুশাসন এবং তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ ইউনিয়ন পরিষদের দায়িত্বে অর্ন্তভূক্ত।

২.১. ইউনিয়ন পরিষদ ও ইউনিয়নের গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে ইউআইএসসি ব্যবস্থাপনা কমিটি গঠন করবে। পদাধিকার বলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এই কমিটির সভাপতি এবং ইউনিয়ন পরিষদ সচিব সদস্য সচিব থাকবেন। কমিটির সভা প্রতি মাসে অনুষ্ঠিত হবে এবং কমিটির সদস্যরা ইউআইএসসি'র কার্যক্রম পর্যালোচনা করবেন। পাশাপাশি ইউআইএসসি'র প্রচার ও টেকসইকরণে এ কমিটি কার্যকর ভূমিকা পালন করবে।

২.২. ইউআইএসসি স্থাপনের জন্য ইউনিয়ন পরিষদে বিনা ভাড়ায় এক বা একাধিক উপযুক্ত কক্ষ বরাদ্দ করতে হবে।

২.৩. ইউনিয়ন তথ্য সেবাকেন্দ্র স্থাপন ও পরিচালনা বিষয়ে উদ্যোক্তার সাথে চুক্তিপত্র স্বাক্ষর করবে।

৩. উপজেলা নির্বাহী অফিসার, তাঁর নিজ এখতিয়ারাধীন ইউনিয়ন পরিষদসমূহে এবং জেলা প্রশাসক তাঁর জেলার ইউনিয়নসমূহের ইউআইএসসি সচল থাকার বিষয়টি নিশ্চিত করবেন। প্রয়োজনে এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সচিব এবং ইউআইএসসি'র উদ্যোক্তাগণকে দিকনির্দেশনা প্রদান করবেন।

৩.১. উদ্যোক্তার সকল সমস্যা সমাধানে উদ্যোগী ভূমিকা রাখবে।

৩.২. ইউনিয়ন পরিষদ উদ্যোক্তা ও ইউআইএসসির সকল উপকরণের নিরাপত্তা নিশ্চিত করবে।

৩.৩. অর্থের বিনিময়ে ইউনিয়ন পরিষদের প্রয়োজনীয় কাজ করানোর ক্ষেত্রে ইউআইএসসিকে অগ্রাধিকার দিতে হবে।

৩.৪. প্রতিটি ইউআইএসসি'তে একজন নারী ও একজন পুরুষ উদ্যোক্তার পাশাপাশি আরো একজন করে নারী ও পুরুষ বিকল্প উদ্যোক্তা নির্বাচন করে রাখতে হবে যাতে কোন উদ্যোক্তা চলে গেলে তাৎক্ষনিকভাবে প্রতিস্থাপন করা যায়।

৩.৫. ইউনিয়ন পরিষদ স্থানীয় জনগোষ্ঠীর জন্য ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মসূচি বাস্তবায়নে উদ্যোক্তাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে।

৩.৬. যথাযথ পদ্ধতি অনুসরন ব্যতিরেকে কোন উদ্যোক্তাকে ইউআইএসসি থেকে অব্যহতি প্রদান করা যাবেনা। চুড়ান্তভাবে অব্যহতির ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুমোদন থাকতে হবে।

৪. সরকার কর্তৃক এ বিষয়ে জারিকৃত নির্দেশাবলী পালন করতে হবে।

৫. এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে। ইউআইএসসির আয় থেকে এর জন্য প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ সম্পন্ন করতে হবে।

৩০/০১/১৫

(আবু তাহের মুহাম্মদ জাবের)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৯০

বিতরণঃ

১. জেলা প্রশাসক (সকল) .... জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল).............. উপজেলা, ... জেলা।
৩. ইউপি চেয়ারম্যান (সকল) .... ইউপি, ... উপজেলা, ... জেলা।

অনুলিপি:

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।